



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
বালিয়াপুকুর, রাজশাহী।

স্মারক নং-২৪.০৬.০০০০.০১৭.০৫.০০৯.২৩. ৫৯

তারিখঃ ২২/১০/২০২৫

**ঠাকুরগাঁও রেশম কারখানা লীজ প্রদানের জন্য দরপত্র আহ্বান**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী এর নিয়ন্ত্রণাধীন ঠাকুরগাঁও রেশম কারখানার ২০টি পাওয়ার লুম, ব্যাক প্রসেসের যন্ত্রপাতি ও কারখানা ভবন (যেখানে যে অবস্থায় আছে) ০৫ (পাঁচ) বছর মেয়াদে লীজ প্রদানের নিমিত্ত আগ্রহী রেশম পণ্য অথবা বস্ত্র খাতের প্রতিষ্ঠান পরিচালনায় বা উৎপাদনের সাথে জড়িত ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। শর্ত সম্বলিত সিডিউল প্রতি সেট ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) (১) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বালিয়াপুকুর, রাজশাহী, (২) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, এফ ব্লক, ৫/৪ লালমাটিয়া (কাজী অফিসের পার্শ্বে), ঢাকা এবং (৩) ঠাকুরগাঁও জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, গোবিন্দনগর, ঠাকুরগাঁও হতে ছকে বর্ণিত তারিখ ও সময় দরপত্র ক্রয়, দরপত্র দাখিল, দরপত্র বাক্স খোলা (যদি কেহ থাকেন) এবং দরপত্র উন্মুক্ত করণ কমিটি কর্তৃক বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	সংশ্লিষ্ট কার্যালয়ে দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয়ে দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্তকরণের তারিখ
১	২	৩	৪
১ম দফায় ২৭/১০/২০২৫ তারিখ হতে ১৮/১১/২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ে	১৯/১১/২০২৫ খ্রি: বেলা ১৩.০০ টা	১৯/১১/২০২৫ খ্রি: বেলা ১৩.৩০ মিনিট	২০/১১/২০২৫ খ্রি: বেলা ১৪.৩০ মিনিট
২য় দফায় (১ম দফায় দরপত্র পাওয়া না গেলে) ৩০/১১/২০২৫ তারিখ হতে ২২/১২/২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ে	২৩/১২/২০২৫ খ্রি: বেলা ১৩.০০ টা	২৩/১২/২০২৫ খ্রি: বেলা ১৩.৩০ মিনিট	২৪/১২/২০২৫ খ্রি: বেলা ১৪.৩০ মিনিট

অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে যথাসময়ে খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোছাঃ নাছিমা খাতুন)  
পরিচালক (উৎপাদন ও বিপণন)  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী।